

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭৭৮

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৮. দ্বিতীয় অনুচ্ছেদ - নাম রাখা

আরবী

رُعُنْ

حُذَيْفَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: لَا تَقُولُوا: مَا شَاءَ اللَّهُ وَشَاءَ فُلَانٌ وَلَكِنْ قُلُولُ وَلَكِنْ قُولُوا: مَا شَاءَ اللَّهُ ثُمَّ شَاءَ فَلَان . رَوَاهُ أَحْمد وَأَبُو دَاؤُد

বাংলা

৪৭৭৮-[২৯] হুযায়ফাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা এরূপ বলো না, ''যা কিছু আল্লাহ চান এবং অমুক ব্যক্তি চায়''; বরং তোমরা বলবে, ''যা কিছু আল্লাহ চান'' অতঃপর ''অমুক ব্যক্তি চায়''। (আহমাদ ও আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ: আহমাদ ২৩৩৪৭, আবূ দাউদ ৪৯৮০, সিলসিলাতুস্ সহীহাহ্ ১৩৭, মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ ২৯৫৭২, সুনানুন্ নাসায়ী আল কুবরা ১০৮২১, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ৬০২০।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ অপছন্দনীয় নাম পরিবর্তন করা উচিত। (মিরক্বাতুল মাফাতীহ)

(مَا شَاءَ اللهُ وَشَاءَ فُلَانٌ) "যা কিছু আল্লাহ চান এবং অমুক ব্যক্তি চায়" বলা যাবে না, এটাতে আল্লাহ তা আলার ক্ষমতা ও ব্যক্তির ক্ষমতা একই রূপ হয়ে যায়। আর এটা শির্কের পর্যায়ে পড়ে যায়। তাই এরূপ বলা যাবে না বরং ماشاء الله এর পরে واو হরফে আত্বফ রয়েছে তার পরিবর্তে خو হরফে আত্বফ ব্যবহার করতে হবে। এটার ফলে মাখল্ক ও খালিক-এর মাঝে দূরত্ব ও পার্থক্য উপলব্ধি করা যায়, এটার মাধ্যমে বিলম্ব বুঝা যায়। আল্লাহ তা আলা ও অন্যের মাঝে সাদৃশ্যপূর্ণ শির্ক হতে মুক্ত থাকা যায়। তাই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (اللهُ وَشَاءَ فُلانٌ) বলার পরিবর্তে (مَا شَاءَ اللهُ وَشَاءَ فُلانٌ) বলার পরিবর্তে (مَا شَاءَ اللهُ وَشَاءَ فُلانٌ)



শিক হবে। ইমাম আহমাদ, আবূ দাউদ অনুরূপ বর্ণনা করেন। আল্লাহ তা'আলা বলেছেন, সূরাহ্ আত্ তাকভীর-এ عُمَا تَشَاءُونَ إِلَّا أَنْ يَشَاءَ اللهُ অর্থাৎ তোমরা চাইলে হবে না কোন কিছু, যতক্ষণ পর্যন্ত আল্লাহ তা'আলা না চাইবেন"- (সূরাহ্ আদ্ দাহর/ইনসান ৭৬: ৩০)। [সম্পাদক]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন